

## মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গনশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।

তারিখ : ০৫/০৬/২০২১,

সময় : ১০ঃ০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, মিরপুর, কুষ্টিয়া।

উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ

| ক্রমিক<br>নং | নাম, পদবী ও ঠিকানা  | কমিটিতে<br>পদবী | স্বাক্ষর   |
|--------------|---|-----------------|------------|
| ১            | জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া | সভাপতি          | স্বাক্ষরিত |
| ২            | চেয়ারম্যান, পোড়াদহ ইউপি, মিরপুর, কুষ্টিয়া।                                     | সদস্য           | স্বাক্ষরিত |
| ৩            | চেয়ারম্যান, বারুইপাড়া ইউপি, মিরপুর, কুষ্টিয়া।                                  | সদস্য           | স্বাক্ষরিত |
| ৪            | চেয়ারম্যান, ধুবইল ইউপি, মিরপুর, কুষ্টিয়া।                                       | সদস্য           | স্বাক্ষরিত |
| ৫            | সংরক্ষিত মহিলা সদস্য, ০৪ নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া              | সদস্য           | --         |
| ৬            | উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।  | সদস্য সচিব      | স্বাক্ষরিত |

অদ্যকার সভায় মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গনশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া। এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধন ছাড়াই সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা শিক্ষা অফিসার পর্যায়ক্রমিকভাবে নিম্নোক্ত বিষয়গুলো উপস্থাপন করেন।

| ক্র<br>সং<br>নং | আলোচ্য বিষয়সমূহ   | আলোচনা ও সিদ্ধান্ত   | বাস্তবায়নকারী |
|-----------------|--|--|----------------|
| ১               | মিড-ডে-মিল চালু করার জন্য টিফিন বক্স সরবরাহ করা          | প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে-মিল চালু করা বর্তমান সরকারের শিক্ষা বিষয়ে অগ্রাধিকার দিয়েছেন। মিড-ডে-মিল চালু করার জন্য পর্যায়ক্রমিকভাবে টিফিন বক্স সরবরাহ করা যেতে পারে   | উপজেলা পরিষদ   |
| ২               | উপজেলা শিক্ষা অফিসের জন্য নতুন ভবন নির্মাণ               | উপজেলা শিক্ষা অফিসের বর্তমান ভবন অতি জরাজীর্ণ। মোট ০৬ জন সহকারি উপজেলা শিক্ষা অফিসারের জন্য মাত্র ০২ টি অফিস কক্ষ রয়েছে। সেইহেতু উপজেলা শিক্ষা অফিসের জন্য নতুন ভবন নির্মাণ করা একান্ত আবশ্যিক। উপজেলা শিক্ষা অফিসের জন্য নতুন ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ   |
| ৩               | গরীব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ ও বৃত্তি প্রদান | আর্থিক অভাবে অনেক গরীব অথচ মেধাবী শিক্ষার্থী পড়াশোনা করতে পারছেন না। এ বিষয়ে আরো বিস্তারিত আলোচনা হয়। উক্ত বিষয়ে আলোচনা অন্তে সঠিক তালিকা প্রস্তুত করে উপজেলা পরিষদের নিজস্ব তহবিল হতে গরীব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ ও বৃত্তি প্রদান করা যেতে পারে।                                 | উপজেলা পরিষদ   |

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ মর্জিনা খাতুন)  
মহিলা ভাইস-চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।।

ও  
সভাপতি  
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি  
মিরপুর, কুষ্টিয়া।